[redacted]

[redacted]

[redacted]

ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি। এছাড়া ভাংবাড়ীয়া ইউনিয়নের খোরদ গ্রামের মৃত বদর উদ্দিন মণ্ডলের ছেলে ওয়াদুদ আলী (৫০)। তিনি ভাংবাড়ীয়া ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি।

আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ বানী ইসরায়েল জানান, খাদিমপুর ইউনিয়নে বিএনপির পদযাত্রায় হামলার ঘটনায় দায়েরকৃত মামলায় এই তিন আসামিকে গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করা হয়েছে।

ঝিনাইদহে নাশকতা মামলায় স্বেচ্ছাসেবক লীগ নেতা গ্রেফতার

ঝিনাইদহ জেলা বিএনপির দলীয় কার্যালয়ে অগ্নিসংযোগ মামলায় উপজেলা স্বেচ্ছাসেবক লীগ নেতা রেজাউল করিম কে গ্রেফতার করেছে র্যাব।

আজ মঙ্গলবার (১০ সেপ্টেম্বর) ভোরে সদর উপজেলার মহিষাকুন্ডু এলাকা থেকে তাকে আটক করা হয়। গ্রেপ্তারকৃত রেজাউল করিম ঝিনাইদহ সদর উপজেলার ধোপাবিলা গ্রামের আমজাদ হোসেনের ছেলে। এ ছাড়াও সাবেক ইউপি চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা আশরাফুল আলম এর ছোট ভাই।

ঝিনাইদহ র্যাবের মেজর নাঈম আহমেদ জানান, নাশকতা মামলার আসামী রেজাউল মহিষাকুন্ডু এলাকায় অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। দুপুরে তাকে ঝিনাইদহ সদর থানায় সোপর্দ করা হয়। রেজাউল করিমের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে এলাকায় সন্ত্রাসী কর্মকান্ড, সরকারি চাকুরী দেওয়ার কথা বলে মানুষের সাথে প্রতারনা করাসহ বহু অভিযোগ ও মামলা রয়েছে বলেও জানায় র্যাব।

নাশকতা মামলায় চুয়াডাঙ্গা বিএনপির ১৩ নেতাকর্মী কারাগারে

নাশকতা মামলার আসামী চুয়াডাঙ্গায় বিএনপি ও অঙ্গ সংগঠনের ১৩ নেতাকর্মীর জামিনের আবেদন নাকোচ করেছে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২য় আদালত।

আজ মঙ্গলবার দুপুর ১টার দিকে আদালতের বিজ্ঞ বিচারক মো: তৌহিদুল ইসলাম এই জামিনের আবেদন না কোচ করে জেলা করাগারে আটক রাখার আদেশ দেন।

জামিন না পাওয়া নেতাকর্মীরা হলেন, চুয়াডাঙ্গা জেলা কৃষকদলের আহ্বায়ক মোকাররম হোসেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সহসাধারণ সম্পাদক মন্টু মিয়া, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক সাঈদ বিশ্বাস, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চ, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য আরিফুল ইসলাম আরিফ, যুবদল নেতা আব্দুর রাজ্জাক, বিএনপি কর্মী হাতেম ও রফিক।

আদালত সূত্রে জানাযায়, দামুড়হুদা মডেল থানার মামলা নং ১ তারিখ ২/১১/২৩ ও জিআর ১৪২/২০২৩ নাশকতা মামলার আসামী ছিলেন বিএনপির এসব নেতাকর্মী। এর আগে বিএনপির এসকল নেতাকর্মী উচ্চ আদালত থেকে জামিনে মুক্ত ছিলেন।

মেহেরপুরে নাশকতা মামলায় বিএনপির ৭ নেতার জামিন

নাশকতার অভিযোগে পুলিশের দায়ের করা মামলায় বিএনপি ও অঙ্রগ সংগঠনের ৭ নেতা জামিনে মুক্তি পেয়েছেন।

আলমডাঙ্গায় নাশকতা মামলায় জামায়াতের ৩ নেতাকর্মী গ্রেফতার

আলমডাঙ্গায় নাশকতা মামলার তিন জামায়াত কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার রাতে পৌর এলাকার পশুহাট এলাকা থেকে তাদের আটক করা হয়। আটকের আগে জামাতের নেতাকর্মীরা সরকার বিরোধী লিফলেট বিতরণ করছিলো বলে পুলিশ জানায় ।

আটকৃত জামাতে কর্মীরা হলেন- কুমারী ইউনিয়নের পার দূর্গাপুর গ্রামের শামসুল হকের ছেলে বাবুল ইসলাম(৩২) একই গ্রামের মৃত আকবর আলীর ছেলে শফিউজ্জামান (৪৫) এবং একই ইউনিয়নের এলাহী নগর হাড়গাড়ী গ্রামের মৃত শামসুদ্দীন মন্ডলের ছেলে বজলুর রহমান (৪৭)।

পুলিশ সূত্রে জানাযায়, গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা রাতে পৌর এলাকার পশুহাট প্রাঙ্গণে জামাতের নেতা-কর্মীরা সরকার বিরোধী লিফলেট বিতরণ করছিল। খবর পেয়ে আলমডাঙ্গা থানাপুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছালে নেতা-কর্মীরা দৌড়ে ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যায়। এসময় তিন নেতাকর্মীকে আটক করে পুলিশ।

আটকৃতরা সবাই গত নভেম্বর মাসের শ্যামপুর-ইসলাম মাদ্রাসা এলাকায় নাশকতা পরিকল্পনা চেষ্টা মামলার আসামী। তাদের আটকের পর আজ শুক্রবার সংশ্লিষ্ট মামলা জেল হাজতে পাঠিয়েছে পুলিশ।

এ বিষয়ে ওসি শেখ গনি মিয়া বলেন, গোপন সংবাদের মাধ্যমে জানতে পারি বেশ কয়েকজন নাশকতা মামলার আসামী পশুহাট এলাকায় সরকার বিরোধী লিফলেট বিতরণ করছে। তাৎক্ষণিক ঘটনাস্থল থেকে তিনজনকে গ্রেফতার করা হয়। তাদের বিরুদ্ধে মামলা দায়েরর পর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ওসি তাজুল ইসলাম জানান,বিশেষ ক্ষমতা আইনে পুলিশের দায়ের করা মামলা নং ২, তারিখে ২/১২/২৩ এর আসামি প্রধান শিক্ষক আল হেলাল।

আজ মঙ্গলবার (৫ ডিসেম্বর) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

এদিকে প্রধান শিক্ষক আল হেলালকে গ্রেফতারের তীব্র নিন্দা জানিয়েছেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন। অবিলম্বে মিথ্যা মামলা প্রত্যাহার মুক্তি দাবি করেন তিনি।

মেহেরপুরে নাশকতা মামলায় কারাগারে বিএনপির ৬ নেতা-কর্মী

নাশকতার মামলায় মেহেরপুরের গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলুসহ ৬ নেতা-কর্মীকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত।

গতকাল বুধবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ দালতের বিচারক মো: শহিদুল্লাহ তাদের জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন।

আসামীরা হলেন গাংনী উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলূ, জেলা ওলামা দলের সভাপতি ইনামুল হক, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হক, গাংনী পৌর যুবদলের সহ সভাপতি মনিরুজ্জামান মনি, গাংনীর ২নং ওয়ার্ড বিএনপি সভাপতি সুরেলী আলভী ও বিএনপি নেতা বিজয়।

আদালত সূত্রে জানা গেছে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী ডা জুবাইদা রহমানকে একটি মামলায় দণ্ড দেওয়ার প্রতিবাদে গত ২ আগস্ট গাংনীতে একটি বিক্ষোভ মিছিল করে বিএনপি।

আসাদুজ্জামান বাবলুর নেতৃত্বে ওই বিক্ষোভ মিছিল গাংনী শহরের প্রধান সড়ক প্রদিক্ষণ করে। এ মিছিল থেকে নাকশকতা সৃষ্টির অভিযোগে গাংনী থানায় একটি মামলা দায়ের করে পুলিশ। এ মামলায়

আসাদুজ্জামান বাবলুকে প্রধান আসামি করে বিএনপির ৮ নেতাকর্মীর নাম উল্লেখ পূর্বক অজ্ঞাত আরও ২৫/৩০ জনকে আসামি করা হয়।

ওই মামলায় উচ্চাদালত থেকে ছয় সপ্তাহের আগাম জামিন পেয়েছিলেন আসামিরা। জামিনের মেয়াদ শেষে বুধবার দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতে উপস্থিত হয়ে জামিন আবেদন করলে আদালত তাদের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন ।

মামলায় আসামিপক্ষের কৌশলী ছিল অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন ও কামরুল ইসলাম।

মুজিবনগরে নাশকতা মামলার আসামি জামায়াত নেতা গ্রেফতার

মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশের অভিযানে নাশকতার অভিযোগে পুলিশের দায়ের করা মামলার এজাহারনামীয় আসামি সাইয়েদুল ইসলাম (৫৫) কে গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃত সাইয়েদুল ইসলাম মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের সুরত আলীর ছেলে।

গতকাল রবিবার দিবাগত রাতে মুজিবনগর থানা পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে সাইয়েদুল ইসলামকে গ্রেফতার করেন। তার নামে মুজিবনগর থানা পুলিশের দায়ের করা বিশেষ ক্ষমতা আইনে দায়ের করা নাশকতার মামলা নং ১১, তারিখ ২৪/০১/২৩ ইং।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেছেন, গোপন সংবাদে অভিযান চালিয়ে নাশকতার অভিযোগে জামায়াতের এই নেতাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত জামায়াত নেতা সাইয়েদুল ইসলামকে আজ সোমবার (২৮ আগস্ট) দুপুরের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।